

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৯৮

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯) প্রথম কাতারে নামায পড়ার প্রতি উদ্বুদ্ধ করন এবং কাতার সোজা করা ও কাতারের ডান দিকের ফ্যীলতের বর্ণনা

الترغيب في الصف الأول وما جاء في تسوية الصفوف والتراص فيها وفضل ميامنها

আরবী

(صحيح) وَعَنْ أنس رَضِيَ اللَّهُ عَنْهُ قال أقيمت الصلاة فأقبل علينا رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِوَجْهِهِ ، فَقَالَ : أَقِيمُوا صنُفُوفَكُمْ وَتَرَاصنُوا ، فَإِنِّي أَرَاكُمْ مِنْ وَرَاءِ ظَهْرِي. رواه البخاري ومسلم بنحوه

## বাংলা

৪৯৮. (সহীহ্) আনাস বিন মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা ছালাতের ইকামত দেয়া হলো, তখন রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের সম্মুখবর্তী হলেন তারপর বললেনঃ ''তোমরা তোমাদের কাতারগুলোকে সোজা করে নাও এবং পরস্পর মিলিত হয়ে দাঁড়াও। কেননা আমি তোমাদের পেছন থেকেও দেখতে পাই।''

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৭১৮। মুসলিমও ৪৩২ অনুরূপভাবে বর্ণনা করেছেন)

বুখারীর রেওয়ায়াতে আনাস (রাঃ) বলেছেনঃ

فكان أحدنا يلزق منكبه بمنكب صاحبه وقدمه بقدمه

তখন আমরা একে অপরের কাঁধের সাথে কাঁধ আর পায়ের সাথে পা মিলিয়ে দাঁড়াতাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন